

স্মারক নং-০৫.২০.১৫১১.০০০.০০.০০৭.১৭- ৩৩৪

তারিখঃ ১২/০৩/২০২০খ্রিঃ

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে উপজেলা কমিটি গঠন

- সূত্রঃ ১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন অনুবিভাগ এর স্মারক নং-৪৫.১১০.০২.০০.০০১.২০২০-১১২, তারিখ: ০১.০৩.২০২০খ্রি.
২. মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৮২.০৬০.১৭-১৭৫, তারিখ: ১০.০৩.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে বোয়ালখালী উপজেলায় করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে নিম্নরূপভাবে উপজেলা কমিটি গঠন করা হলো:

০১. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী	সভাপতি
০২. অফিসার ইনচার্জ, বোয়ালখালী থানা	সদস্য
০৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য সচিব
০৪. মেয়র, বোয়ালখালী পৌরসভা, বোয়ালখালী	সদস্য
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য
০৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য
০৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য
০৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য
০৯. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোয়ালখালী	সদস্য

২। মাননীয় সংসদ সদস্য এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

কমিটির কার্যপরিধি

- এই কমিটি করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির সাথে সমন্বয় রেখে জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;
- করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেন্টাইনসহ আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- করোনা ভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জেলা ও জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

আছিয়া খাতুন

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম।

ফ্যাক্স ও ফোন নং-০৩০৩২-৫৬০০১/০৩০৩২-৫৬০৪৪

ই-মেইলঃ unoboalkhali@mopa.gov.bd
১২/০৩/২০২০

স্মারক নং-০৫.২০.১৫১১.০০০.০০.০৬২.১৮- ৩৩৪ (১২)

তারিখঃ ১২/০৩/২০২০খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-৮।
- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
- সদস্য সচিব/সদস্য, উপজেলা কমিটি,
বোয়ালখালী, চট্টগ্রাম।

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম।